

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং- ৫৮.০৮.০০০০.০২১.০৩.০২০.১৯-২২৮

তারিখঃ ২৭ ফাল্গুন' ১৪২৬
০৭ মার্চ' ২০২০

বিষয় : উত্তাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন প্রতিবেদন।

সূত্র : সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং- ৫৮.০০.০০০০.০১২.০৯.০০৬.১৭-২০৯ তারিখঃ ০১-০৩-২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে এ বিভাগের ২০১৯-২০২০ অর্থ বছরের উত্তাবনী উদ্যোগ/ধারনাসমূহের মধ্যে “ওয়ান স্টপ সার্ভিস সেন্টার” শীর্ষক উত্তাবনী উদ্যোগ/ধারনাটি পাইলটিং বাস্তবায়িত করা হয়েছে। বর্ণিত উত্তাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন প্রতিবেদন এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০১ (প্রক্রিয়া) পাতা।

*মুন্মুক্ষু
০৩/০৩/২০২০*
এ কে এম মোস্তফা কামাল পাশা
বিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd

সচিব

সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব
ও
চিফ ইনোভেশন অফিসার
সুরক্ষা সেবা বিভাগ।
২. অতিরিক্ত সচিব (কারা)

উত্তাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন প্রতিবেদন

সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক উত্তাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ এর আওতায় নিম্নলিখিত ০৫টি উত্তাবনী উদ্যোগ/ধারনা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়, যা নিম্নরূপঃ

১. হট নাস্তার চালুকরণ।
২. হাইকোর্টে আপিল প্রক্রিয়া সহজিকরণ।
৩. কারাগারসমূহে ওয়ান স্টপ সার্ভিস চালুকরণ।
৪. কারা বন্দিদের উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে শিক্ষা গ্রহণের ব্যবস্থা করা।
৫. এসএমএস এর মাধ্যমে বন্দির অবস্থান, জামিন/খালাস এর তথ্য প্রদান।

বর্ণিত ০৫টি উত্তাবনী উদ্যোগ/ধারনার মধ্যে সেবা প্রার্থীদের সেবা সহজ করার লক্ষ্যে, মানিকগঞ্জ জেলা কারাগারে “ওয়ান স্টপ সার্ভিস সেন্টার” শীর্ষক উত্তাবনী উদ্যোগ/ধারনাটি ১৭-১২-২০১৯ তারিখ হতে পাইলটিং প্রকল্প হিসাবে সেবা চালু করা হয়েছে।

“ওয়ান স্টপ সার্ভিস সেন্টারটিতে” সেবা প্রদানের জন্য ০২(দুই) জন কারারক্ষি সার্বক্ষনিক নিয়োজিত রয়েছে। এছাড়া “ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে” ইনচার্জ হিসেবে রয়েছে ডেপুটি জেলার, সংস্থাগন শাখা। উক্ত সেন্টার হতে অফিস কিংবা কারাভ্যুন্ডে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সাথে যোগাযোগের জন্য রয়েছে একটি ইন্টারকম এবং একটি ওয়াকিটকি। সেবা প্রার্থীদের অভিযোগ লিপিবদ্ধ করার জন্য রয়েছে একটি রেজিস্টার। এক কাউন্টারে সব সেবা প্রদানের লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিস সেন্টারটি চালু করা হয়েছে।

পাইলটিং বাস্তবায়িত উত্তাবনী উদ্যোগটির সুবিধাঃ
নিম্নোক্ত সেবাসমূহ একস্থানে স্বল্পসময়ে পাওয়া যায়।

১. সাক্ষাতের স্লীপ সংগ্রহ।
২. পিসিতে টাকা জমা।
৩. ওকালতনামা জমা ও গ্রহণ।
৪. বন্দীদের প্রয়োজনীয় বৈধ দ্রব্যাদি (যেমন: পোশাক) জমা।
৫. জামিন ও খালাস সম্পর্কিত তথ্য।
৬. মোবাইল ফোন ও ব্যাগ জমা।
৭. বন্দী সম্পর্কিত বৈধ তথ্য।
৮. অনুসন্ধান।
৯. অভিযোগ নিষ্পত্তি।

অসুবিধা:

পাইলটিং প্রকল্পটিতে দৃশ্যত কোন অসুবিধা হবে বলে প্রতীয়মান হয় না।

চ্যালেঞ্জসমূহ:

দৃশ্যত কোন চ্যালেঞ্জ প্রতীয়মান হয় না।

*প্রতিবেদন
০১/০১/২০২০*
এ কে এম মোস্তফা কামাল পাশা
বিপ্রেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd